



তারেক রহমানকে অভিনন্দন জানালেন ব্রিটিশ প্রধানমন্ত্রী



সংগৃহীত ছবি

ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানিয়েছেন।
বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) পাঠানো এক বার্তায় তিনি দুই দেশের সম্পর্ক আরও গভীর করার আগ্রহ প্রকাশ করেন।
অভিনন্দন বার্তাটি সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করেছে বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয় ও ব্রিটিশ হাইকমিশন ঢাকা।
চিঠিতে স্টারমার নির্বাচনে বিজয় ও প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণে তারেক রহমানকে শুভেচ্ছা জানান। তিনি উল্লেখ করেন, যুক্তরাজ্য ও বাংলাদেশের দীর্ঘদিনের ঘনিষ্ঠ সম্পর্ক ভবিষ্যতে আরও বিস্তৃত হবে বলে তার বিশ্বাস।
যুক্তরাজ্য বাংলাদেশের অন্যতম বড় বিদেশি বিনিয়োগকারী উল্লেখ করে তিনি বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা বাড়ানোর আশাবাদ ব্যক্ত করেন। পাশাপাশি অবৈধ অভিবাসন প্রতিরোধ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা এবং প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা জোরদার করার ক্ষেত্রেও একসঙ্গে কাজ করার ইচ্ছা প্রকাশ করেন।
বার্তার শেষে স্টারমার বলেন, দুই দেশের অংশীদারত্বের নতুন অধ্যায়ে যৌথভাবে এগিয়ে যেতে তিনি আগ্রহী।